

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০৯.০০১.২০.১০০৭

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩১ ব.
২৩ জুন ২০২৪ খ্রি.


বিষয় : ১৭ তম মৌখিক পরীক্ষা না নিয়ে ভাইভা বোর্ড থেকে বের করে দেওয়া ও পুনরায় মৌখিক পরীক্ষা নিয়ে এর ফল প্রকাশ না করা প্রসঙ্গে।

সূত্র : তার ১৬ জানুয়ারি ২০২৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০০৫ সনের ১ নং আইন 'বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন আইন, ২০০৫' এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত) এর বিধি ৩ অনুযায়ী বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ করে। উক্ত শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ (প্রিলিমিনারি টেস্ট, লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ) প্রার্থীদের বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত) এর বিধি ১০ অনুযায়ী শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদান করা হয়। বিধি মোতাবেক বিষয় বিশেষজ্ঞ, বিভাগীয় বিশেষজ্ঞ ও সভাপতির সম্মুখে গঠিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট বোর্ড মৌখিক পরীক্ষা পরিচালনা/গ্রহণ করেন। উক্ত বোর্ড কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে শিক্ষা মন্ত্রণালয়স্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-২ শাখা হতে ১৩ ডিসেম্বর ২০১৮ তারিখে জারিকৃত ৩৭.০০.০০০০.০৭৩.০৮.০০৬.১৬-৪২৭ নং স্মারকপত্রের নির্দেশনা মোতাবেক চূড়ান্ত ফলাফল প্রস্তুত করা হয়। উল্লেখ্য, সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২০ এর মৌখিক পরীক্ষায় ২৫,২৪০ জন প্রার্থী অংশগ্রহণ করেন, তন্মধ্যে ২৩,৯৮৫ জন প্রার্থী উত্তীর্ণ হন।

০২। বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (অধিকতর সংশোধিত) এর বিধি ৯ এর উপবিধি (৪)(খ) তে উল্লেখ রয়েছে “প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষার উত্তরপত্র পুনর্নিরীক্ষণ বা পুনর্পরীক্ষণের কোন আবেদন গ্রহণ করা হইবে না এবং এতদসংক্রান্ত কোন তথ্য প্রার্থী বা তাহার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হইবে না”। সেপ্রেক্ষিতে জনাব দিলু হোসাইন রনি-এর সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২০ এর মৌখিক পরীক্ষার ফলাফল পুনঃমূল্যায়নের সুযোগ নাই।

০৩। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।



(মোঃ আবদুর রহমান)

পরিচালক (উপসচিব)

পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন

এনটিআরসিএ, ঢাকা।

প্রাপক:

জনাব দিলু হোসাইন রনি

পিতা: আহাম্মদুর রহমান

আহাম্মদুর রহমানের বাড়ী, বালুখালী

উখিয়া, কক্সবাজার।

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ, ঢাকা।

২. সচিব (উপসচিব), এনটিআরসিএ, ঢাকা।

৩. সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

৪. পিএ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫. সংশ্লিষ্ট নথি।